

তারিখ: ১৮-০৯-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

রেফারী রিফ্রেসার্স কোর্স'২০২০

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাবুফে) রেফারীজ ডিপার্টমেন্টের উদ্যোগে আজ সেপ্টেম্বর ১৮ তারিখে বিকাল ৩ ঘটিকায় Zoom অনলাইন প্ল্যাটফরমে রেফারী রিফ্রেসার্স কোর্স'২০২০ অনুষ্ঠিত হয়। সিলেট ও সুনামগঞ্জ জেলার ২৭ জন সক্রিয় রেফারী এতে অংশ নেন।

উক্ত কোর্সে রেফারীগনকে International Football Association Board' (IFAB)'কর্তৃক প্রণীত 'Laws of the Games 2020-21' এর সর্বশেষ সংশোধনী সম্পর্কে অবহিত করা হয়। কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত কোর্সটি অনলাইনে পর্যায়ক্রমে ৬৪ জেলায় চলতে থাকবে।

বাবুফে টেকনিক্যাল ইন্সট্রাক্টর মোঃ আজাদ রহমান, তৈয়ব হাসান শামসুজ্জামান ও মোঃ নাজমুল হুদা ক্লাস কোর্স পরিচালনা করেন। এছাড়াও উপস্থিত ছিলেন বাবুফে রেফারীজ কমিটির ডেপুটি চেয়ারম্যান হাজী মোঃ ইব্রাহিম নেসার।

কোর্সের রেফারী কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন শহিদুল ইসলাম লিমন।

আহসান আহমেদ অমিত

হেড অফ মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।